



গতকাল আইডিয়াল স্কুলে ছিল ভর্তি পরীক্ষা। পরীক্ষা শেষে বাইরে অপেক্ষমাণ মায়ের রুকে ফিরেই কান্না ছুড়ে দেয় এক শিশু। প্রিয় সন্তানের চোখের পানি দেখে মাও ভেঙে পড়েন কান্নায়। -যুগান্তর

ভর্তিযুদ্ধ এক আসনে প্রতিযোগী ৬০ জন

যুগান্তর রিপোর্ট

একটি আসনের বিপরীতে ৬০ জন প্রতিযোগী। আইডিয়াল স্কুলে প্রথম প্রতিযোগী : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

প্রতিযোগী : এক আসন
(১ম পৃষ্ঠার পর)

প্রথমে ভর্তির, দুর্লভ সুযোগ পেতে কোমলমতি শিওরা এই তীব্র প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়েছে গতকাল। প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার মাধ্যমে গতকাল থেকে আইডিয়াল স্কুলের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে।

আইডিয়াল স্কুলের মতিখিল ও বনশ্রী শাখার প্রথম শ্রেণীতে মোট আসন সংখ্যা ১২০। এর মধ্যে মতিখিল কলেজনিবাসীর জন্য ৪০ শতাংশ অর্থাৎ ৫০টি আসন সংরক্ষিত। অন্যান্য এলাকার জন্য বাকি মোট ৭০টি। আর ভর্তি পরীক্ষায় অংশ নেয় সাড়ে চার হাজার শিশু। সে হিসাবে একটি সাধারণ আসনের বিপরীতে ৬০ শিশু প্রতিদ্বন্দ্বিতা করছে।

গতকাল সকাল ৮টা থেকে হাজার হাজার অভিভাবক কুলের সন্তানদের নিয়ে স্কুল প্রাঙ্গণে হাজির হন। ছেলোমেয়েদের কুলের ভেতরে পাঠিয়ে দিয়ে উৎসাহকূল ও উৎকণ্ঠিত অভিভাবকরা বাইরে অপেক্ষা করতে থাকেন। পরীক্ষা শুরু হয় সকাল সাড়ে ৯টায়। দেড় ঘণ্টাব্যাপী ৯০ নম্বরের পরীক্ষায় বাংলা, ইংরেজি ও অংক প্রতিটিতে ৩০ নম্বরের বিভিন্ন প্রশ্নের উত্তর লিখতে হয় শিশুদের। পরীক্ষার শুরুতে অভিভাবকদেরকে তার সন্তানের রোল নম্বর অনুসারে পরীক্ষার কক্ষ নম্বর জানিয়ে দেয়া হয়েছিল। অভিভাবকদের কাছে সন্তানদের পৌছানো নিশ্চিত করতে কর্তৃপক্ষ শিশুদেরকে তার অভিভাবক না আসা পর্যন্ত হলে থাকতে বাধ্য করে। এভাবে পরীক্ষা শেষের দু-এক ঘণ্টার মধ্যেই শিওরা অভিভাবকদের কাছে পৌঁছে যায়।

আগামী ১৪ জানুয়ারি বিকালে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। অন্যদিকে আগামী ৬ জানুয়ারি এই স্কুলের দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ শ্রেণী এবং ৮ জানুয়ারি তৃতীয়, পঞ্চম ও নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে এ বছর চালুকৃত ইংরেজি মাধ্যমের ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল গতকাল ঘোষিত হয়েছে।

এই তীব্র প্রতিযোগিতার ব্যাপারে স্কুলের অধ্যক্ষ এ কে নেওয়াজ বলেন, আসন সংকটের কারণে বিপুলসংখ্যক যোগ্য শিশুকে ফিঙ্গিয়ে নিতে হয় এটা দুঃখজনক।